গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
নেজারত শাখা
www.narail.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.১০৩.০১.০১৭.২৬.২৮৪

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট এর ২২ জুলাই ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৭. ২২-৫৯ নম্বর স্মারকপত্রে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ১৬/০৯/২০২৬ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.৪৭৪ নম্বর স্মারকমূলে জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ (সাধারণ প্রশাসন) ও নড়াইল সার্কিট হাউজের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ সরাসরি পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নড়াইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (https://dcnarail.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (**Online**) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম	দপ্তরের নাম	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ	অফিস সহায়ক	বেতন গ্রেড: ২০ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৮,২৫০-২০,০১০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২০০০০-৪৮৪০০/-	০৭ (সাত) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
		নিরাপত্তা প্রহরী	বেতন গ্রেড: ২০ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৮,২৫০-২০,০১০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২০০০০-৪৮৪০০/-	০২ (দুই) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে; এবং (গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২।	সার্কিট হাউজ, নড়াইল	পরিচ্ছন্নতা কর্মী	বেতন গ্রেড: ২০ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৮,২৫০-২০,০১০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২০,০০০-৪৮৪০০/-	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
		নিরাপত্তা প্রহরী	বেতন গ্রেড: ২০ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৮,২৫০-২০,০১০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২০,০০০-৪৮৪০০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে; এবং (গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
		মালি	বেতন গ্রেড: ২০ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৮,২৫০-২০,০১০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২০,০০০-৪৮৪০০/-	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

bekarsfeed.com

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নড়াইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩। প্রার্থীর বয়সসীমা ০১.১১.২০২৬ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

০৪। আবেদনপত্রে আবশ্যিকভাবে প্রার্থীদের সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙ্গিন ছবি ব্যবহার করতে হবে।

০৫। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর কপি;

(খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা'র মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব-স্ব পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র;

(জ) প্রার্থী কর্তৃক কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

(ঝ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি;

(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৭। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সর্বশেষ সংশোধনী, ২০২৪) অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১২। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

অনলাইনে আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

১৫। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dcnarail.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন।

খ) আবেদনের সময়সীমা:

(i) Online এ আবেদন ফরম পূরণ শুরুর তারিখ ও সময়: ০১/১১/২০২৬ খ্রি. ও বাংলাদেশ প্রমাণ সময় সকাল ০৯:০০ মিনিট।

(ii) Online এ আবেদন ফরম পূরণের শেষ তারিখ ও সময়: ২২/১১/২০২৬ খ্রি. ও বাংলাদেশ প্রমাণ সময় বিকাল ৪:০০ ঘটিকা।

আবেদনের সময়সীমার মধ্যে System হতে স্বয়ক্রিয়ভাবে User ID প্রাপ্ত প্রার্থীরাই কেবল Online-এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে নির্ধারিত ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে বা পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

bekarsfeed bekarsfeed.com

গ) Online আবেদনে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঘ) Online আবেদনে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

চ) SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদনটি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি pdf কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ৫০/- টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DCNARAIL<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DCNARAIL ABCDEF & send to ১৬২২২

Reply: Applicant's Name Tk ৫৬/- Will be charged Application Fee, Your PIN ১২৩৪৫৬৭৮ To pay fee Type DCNARAIL<Space>Yes<space>PIN & send to ১৬২২২ নম্বরে

দ্বিতীয় SMS: DCNARAIL <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DCNARAIL Yes ১২৩৪৫৬৭৮ & send to ১৬২২২

Reply: Congratulation Applicant's Name payment completed Successfully for DCNARAIL

Application <post name>User ID is (ABCDEF) and Password (*******)

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) Online আবেদনে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcnarail.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DCNARAIL <space>**Help**<space>**User**<space>**User ID & send to ১৬২২;** Example: DCNARAIL Help User ABCDEF & send to ১৬২২২

ii) PIN Number জানা থাকলে: **DCNARAIL**<space>**Help**<space>**PIN**<space>**PIN No & send to ১৬২২২;** Example: DCNARAIL Help PIN ১২৩৪৫৬৭৮ & send to ১৬২২২

ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **জেলা প্রশাসক, নড়াইলের** www.narail.gov.bd ওয়েবসাইটে এবং https://dcnarail.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ট) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে, যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন; এছাড়াও alljobs.query@teletalk.com.bd ইমেইলে জানানো যাবে [mail এর subject-এ organization name: **DCNARAIL**, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে]

bekarsfeed bekarsfeed.com

ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে online আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমন কি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ড. মোহাম্মদ আবদুল ছালাম
জেলা প্রশাসক
নড়াইল
ফোন:০২৪৭৮৮৮০৫৬৫
e-mail: dcnarail@mopa.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৪। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৭। সিনিয়র সহকারী কমিশনার ও সদস্য সচিব, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.১০৩.০১.০১৭.২৬.২৮৪/১(২৭)

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ সুপার, নড়াইল
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল
৩। সিভিল সার্জন, নড়াইল
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়াইল
৭। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, নড়াইল
৮। উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল (বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
৯। সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল (বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, নড়াইল পৌরসভা, নড়াইল
১১। সিভিল সার্জন, নড়াইল
১২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়াইল
১৫। সম্পাদক..... [তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গেল স্পেসে ০৩ (তিন) কলামে একবার ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫(পাঁচ)কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো]
১৬। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।
১৭। অফিস কপি।

জেলা প্রশাসক
নড়াইল

bekarsfeed.com